অন্নপূর্ণা যোজনার নতুন ফর্ম বিলি করলেন বিধায়ক ও বিডিও

নিজস্ব প্রতিনিধি
বাঁকুড়া। ২৮ মে

অন্নপূর্ণা যোজনার নতুন ফর্ম প্রকাশের পর থেকেই রাজ্যজুড়ে শুরু হয়েছে ফর্ম বিলির কাজ। বুধবার নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বারো পাতার অন্নপূর্ণা যোজনার ফর্ম প্রকাশ করে বিস্তারিত তথ্য জানান। সেই নির্দেশ মেনেই বৃহস্পতিবার ছাতনা ব্লকে বাড়ি বাড়ি গিয়ে মানুষের হাতে ফর্ম তুলে দেওয়া ও তা পূরণে সাহায্যের উদ্যোগ নিলেন প্রশাসন ও জনপ্রতিনিধিরা। এদিন ছাতনার বিধায়ক সত্যনারায়ণ মুখোপাধ্যায়, বিডিও সৌরভ ধল্ল সহ প্রশাসনিক আধিকারিকরা ছাতনা ব্লকের ঘোসেরগ্রাম অঞ্চলের এনারী কুশবনা গ্রামে বাড়ি বাড়ি ঘুরে অন্নপূর্ণা যোজনার ফর্ম বিলি করেন এবং সাধারণ মানুষকে ফর্ম পূরণে সহযোগিতা করেন।

বিধায়ক সত্যনারায়ণ মুখোপাধ্যায় বলেন, 'শিবির করে ফর্ম দিলে সাধারণ মানুষকে প্রচণ্ড রোদে দাঁড়িয়ে লাইনে অপেক্ষা করতে হত। অনেকের কাজকর্মও বন্ধ হয়ে যেত। তাই মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী আমরা বাড়ি বাড়ি গিয়ে ফর্ম দিচ্ছি এবং তা পূরণ করে দিচ্ছি। সঙ্গে বিডিও ও প্রশাসনিক আধিকারিকরাও রয়েছেন। এছাড়াও গ্রামের শিক্ষিত মানুষ ও সামাজিক কাজের সঙ্গে যুক্ত ব্যক্তিদেরও সাহায্য নেওয়া হচ্ছে, যাতে কেউ সমস্যায় না পড়েন।'

বারো পাতার বড় ফর্ম নিয়ে সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তি তৈরি হতে পারে কি না, সেই প্রশ্নের উত্তরে বিধায়ক বলেন, 'এতে বিভ্রান্তির কিছু নেই। মানুষের কাছে থাকা আধার, ভোটার কার্ড ও ব্যাংক অ্যাকাউন্টের তথ্যই শুধু নেওয়া হচ্ছে। পরিবারের সদস্যদের তথ্য চাওয়া হচ্ছে। এগুলো প্রত্যেকের কাছেই থাকে। শুধু ফর্মটা দেখতে বড়, কিন্তু বিশেষ কোনও ঝামেলা নেই। কোনও সমস্যা হলে প্রশাসনের আধিকারিকরা সাহায্য করবেন।'

এদিন স্থানীয় বাসিন্দা দাসমনি হেমব্রম, সনজ্যোতি হাঁসদারা বলেন, 'বিধায়ক, বিডিও ও প্রশাসনিক আধিকারিকরা বাড়িতে এসে ফর্ম দিয়ে তা পূরণ করে দিলেন, এতে খুব ভালো লাগছে। লাইনে দাঁড়ানোর ঝামেলা নেই। এইভাবে কাজ হলে সাধারণ মানুষের অনেক সুবিধা হবে।'

চুরি হওয়া মোবাইল বিক্রি করতে গিয়ে ফাঁস শ্মশানে চুরির রহস্য

নিজস্ব প্রতিনিধি
কোচবিহার। ২৮ মে

চুরি হয়ে যাওয়া একটি মোবাইল ফোন বিক্রি করতে গিয়েই সামনে এল ঘুঘুমারি মহাশ্মশানের চুরির ঘটনার নেপথ্যের একাধিক তথ্য। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে এলাকায়।

স্থানীয়দের দাবি, দীর্ঘদিন ধরেই ঘুঘুমারি শ্মশানকে ঘিরে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠছিল। তবে ভয়ের কারণে এতদিন কেউ প্রকাশ্যে মুখ খুলতে সাহস পাননি।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর বিভিন্ন এলাকায় আবাস যোজনার কাটমানি ও দুর্নীতির অভিযোগ তুলে বিক্ষোভ শুরু হয়। সেই আবহেই ঘুঘুমারি শ্মশান নিয়েও ক্ষোভ বাড়তে থাকে এলাকার মানুষের মধ্যে।

অভিযোগ, শ্মশানের হিসাব ও কাজকর্মে দীর্ঘদিন ধরে স্বচ্ছতার অভাব ছিল। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে স্থানীয় বাসিন্দারা শ্মশানের অফিস ঘরে তালা ঝুলিয়ে দেন। কিন্তু কয়েকদিনের মধ্যেই সেই তালা ভেঙে শ্মশানের অফিসে চুরির ঘটনা ঘটে।

স্থানীয়দের অভিযোগ, অফিস ঘর থেকে গুরুত্বপূর্ণ নথিপত্র, বিভিন্ন ফাইল এবং কম্পিউটারের হার্ডডিস্ক চুরি হয়ে যায়। এই ঘটনায় সন্দেহ আরও ঘনীভূত হয় এলাকাবাসীর মধ্যে। তাঁদের দাবি, গুরুত্বপূর্ণ তথ্যপ্রমাণ নষ্ট করতেই পরিকল্পিত ভাবে এই চুরি করা হয়েছে। এরপর থেকেই ঘটনার সত্যতা উদঘাটনে তৎপর হয়ে ওঠেন স্থানীয়রা। ঠিক সেই সময়ই চুরি হয়ে যাওয়া একটি মোবাইল ফোন বিক্রি করতে এসে হাতেনাতে ধরা পড়ে এক ব্যক্তি।

অভিযোগ, মোবাইলটি শ্মশানের অফিস থেকেই চুরি হয়েছিল। ওই ব্যক্তিকে আটক করার পর ওই এলাকার বাদল নামে এক ব্যক্তির নাম উঠে আসে। স্থানীয়দের সন্দেহ আরও প্রবল হয় এবং ঘটনার নেপথ্যে বড়ো চক্র থাকার আশঙ্কা তৈরি হয়।

স্থানীয় বাসিন্দা অমল মজুমদার এবং রাজা মজুমদার জানান, কোচবিহারের নাককাটি খোকার বাজার এলাকা থেকে ওই মোবাইল চোরটিকে ধরার পর তাঁদের সন্দেহ আরও জোরালো হয়, তাঁরা আশা করছেন স্থানীয় পুলিশ প্রশাসন দ্রুত বিষয়টিকে তদন্ত করে আসল সত্য তুলে ধরবেন।

তাঁদের দাবি, শ্মশানের চুরি ও দুর্নীতির অভিযোগের পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে হবে।

আট বছরের মেয়ে ও ৮০ গ্রাম সোনা উদ্ধার করল জিআরপিএফ

নিজস্ব প্রতিনিধি
তমলুক। ২৮ মে

রাতের ট্রেন ধরে চিকিৎসার জন্য হাওড়ার উদ্দেশ্যে রওনা দেওয়ার জন্য তমলুকের বাসিন্দা নারায়ণ জানা তাঁর স্ত্রী ও আট বছরের মেয়ে অপেক্ষা করছিলেন পাঁশকুড়া স্টেশনে। বুধবার রাত সাড়ে নটা নাগাদ ট্রেন আসলে আট বছরের মেয়েকে ট্রেনে তুলে দিলেও নারায়ণবাবু ও তাঁর স্ত্রী ট্রেনে উঠতে পারেননি। ট্রেন ছেড়ে হাওড়ার দিকে এগোতে থাকলে স্টেশন চত্বরে কান্নায় ভেঙে পড়েন তাঁরা। রাতেই নারায়ণবাবু পাঁশকুড়ার জিআরপিএফ ওসি রফিকুল ইসলামের দারস্থ হন।

অভিযোগ পাওয়ার পরই কর্তব্যরত প্রত্যেকটি স্টেশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের বিষয়টি জানান। দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা প্রথমে ভোগপুর স্টেশনে ছোট ওই আট বছরের মেয়েকে উদ্ধার করে। ওই ছোট্ট মেয়ের ব্যাগেই ৮০ গ্রাম সোনা ছিল বলে জানান নারায়ণবাবু ও তাঁর স্ত্রী। জিআরপিএফ-এর আধিকারিকরা পরের স্টেশন নন্দাইগাজন থেকে ব্যাগ ও মেয়েটিকে উদ্ধার করেন। সমস্ত সরকারি নিয়ম-কানুন মেনে ওই নাবালিকা সহ ৮০ গ্রাম সোনা পরিবারের হাতে তুলে দেওয়া হয় পাঁশকুড়া জিআরপিএফ-এর পক্ষ থেকে।

জিআরপিএফের ওসি রফিকুল ইসলাম জানান, পরিবারের পক্ষ থেকে বিষয়টি জানানোর পরেই তৎপরতার সঙ্গে আধিকারিকদের নির্দেশ দেওয়া হয় বিষয়টি দেখবার জন্য প্রত্যেকটি স্টেশনে। সেইমতো দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা তাঁদের দায়িত্ব পালন করেছেন।

অন্যদিকে নারায়ণবাবু এক সাক্ষাৎকারে বলেন, রেল দফতরের জিআরপিএফ যেভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে সেইসঙ্গে এবং সোনা উদ্ধার করে ফিরিয়ে দিয়েছে তার জন্য রেল দফতরের অধীন কেন্দ্রীয় সরকারকে অভিনন্দন। 'কর্তব্যনিষ্ঠ আধিকারিকদের যে সহযোগিতা পেলাম, আগামিদিনে তা কোনওদিন ভোলার নয়', বলেন তিনি।

পানাগড় স্টেশনে অতি-আধুনিক সিগন্যালিং ব্যবস্থার আধুনিকীকরণ করল পূর্ব রেল

নিজস্ব প্রতিনিধি, আসানসোল: ট্রেন চলাচল এবং যাত্রী নিরাপত্তা আরও জোরদার করতে এক বড়সড় পদক্ষেপ হিসেবে পানাগড় স্টেশনের সিগন্যালিং ব্যবস্থার সফল আধুনিকীকরণ করল পূর্ব রেল। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেউস্করের নেতৃত্ব এবং আসানসোলের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার শ্রী সংগ্রহ মৌর্যর নিবিড় পরিচালনায় এই স্টেশনটি একটি উন্নত ইলেকট্রনিক ইন্টারলকিং (উন্নত কম্পিউটারাইজড সিগন্যালিং) ব্যবস্থায় রূপান্তরিত হয়েছে। এই যুগান্তকারী প্রযুক্তিগত আধুনিকীকরণটি গত বুধবার, ২৭ মে, ২০২৬ তারিখে বিকেল ৫:২৫ মিনিটে সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন (ওপেনলাইন) বিভাগের মাধ্যমে সফলভাবে চালু করা হয়েছে।

একটি ইলেকট্রনিক ইন্টারলকিং ব্যবস্থা মূলত রেলওয়ে স্টেশনের ডিজিটাল মস্তিষ্ক হিসেবে কাজ করে, যা অত্যন্ত নিরাপদে ট্রেন, রেললাইন এবং সিগন্যালের গতিবিধি নিয়ন্ত্রণ করতে কম্পিউটার মাইক্রোপ্রসেসর ব্যবহার করে। পুরনো যান্ত্রিক ব্যবস্থাগুলোকে প্রতিস্থাপন করে এই নতুন প্রযুক্তি মানুষের ভুলের সম্ভাবনা দূর করে, একই লাইনে দুটি ট্রেনের মুখোমুখি চলে আসার পথ বন্ধ করে এবং ট্রেন চলাচলের গতি নাটকীয়ভাবে বাড়িয়ে দেয়। এই ডিজিটাল ব্যবস্থার পাশাপাশি, দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ লেভেল ক্রসিং গেট (গেট নং ১০২/এসপিএল/টি এবং গেট নং ১০৩/এসপিএল/টি)-কে পুরনো আমলের ভারী, হাত দিয়ে ঘোরানো মেকানিক্যাল লিফটিং ব্যারিয়ার (যান্ত্রিক প্রতিবন্ধক) থেকে আধুনিক ও স্বয়ংক্রিয় ইলেকট্রিক্যাল লিফটিং ব্যারিয়ারে (বৈদ্যুতিক প্রতিবন্ধক) রূপান্তরিত করা হয়েছে। এছাড়া, ট্রেন ও সড়ক পথ উভয়ের যানজট আরও কমাতে কাছাকাছি থাকা অপর একটি লেভেল ক্রসিং গেট (গেট নং ১০৪/সি/টি) চিরতরে সরিয়ে দেওয়া হয়েছে।

ওটিপি চক্রে আন্তর্জাতিক যোগের সন্দেহ

তারক হরি
পশ্চিম মেদিনীপুর। ২৮ মে

পশ্চিম মেদিনীপুরের পিংলা থানার ক্ষীরাই গ্রামে এসটিএফের অভিযানে গ্রেফতার দুই যুবককে ঘিরে জোর চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। তদন্তকারী সংস্থার দাবি, ভারতীয় মোবাইল সিমের ওটিপি বিদেশে পাচারের মাধ্যমে একটি সন্দেহজনক যোগাযোগ চক্র সক্রিয় ছিল। ধৃতদের নাম শেখ মুরসলিন ও গৌতম খাঁড়া। দুজনেই পিংলা এলাকার বাসিন্দা।

তদন্ত সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন ধরেই ডিজিটাল মাধ্যমে বেআইনি যোগাযোগের একটি নেটওয়ার্কের উপর নজরদারি চালাচ্ছিল গোয়েন্দারা। সেই সূত্র ধরেই ক্ষীরাই এলাকায় অভিযান চালানো হয়। তদন্তকারীদের সন্দেহ, ভারতীয় মোবাইল নম্বর ব্যবহার করে ওটিপি পাঠানো হত। অভিযোগ, সেই যোগাযোগের সূত্র পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআই-এর সঙ্গে যুক্ত কিছু ব্যক্তির কাছেও পৌঁছেছিল। গোয়েন্দা সূত্রের দাবি, প্রতিটি ওটিপি পাঠানোর বিনিময়ে মোটা অংকের অর্থ লেনদেন হত। সেই আর্থিক লেনদেনের উৎস ও পদ্ধতি খতিয়ে দেখা হচ্ছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হওয়া মোবাইল ফোন, ডিজিটাল তথ্য এবং অনলাইন ট্রানজ্যাকশনের নথিও পরীক্ষা করছেন তদন্তকারীরা। তদন্তকারীদের অনুমান, ধৃতদের সঙ্গে আরও কয়েকজন যুক্ত থাকতে পারে। কারা এই চক্রের মূল নিয়ন্ত্রক, কোথা থেকে নির্দেশ আসত এবং কতদিন ধরে এই কাজ চলছিল, তা জানার চেষ্টা চলছে।

ঘটনার পর থেকেই ক্ষীরাই এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয়দের অনেকেই জানিয়েছেন, অভিযুক্তদের বিরুদ্ধে এমন অভিযোগ সামনে আসায় তাঁরা বিস্মিত। এলাকায় নিরাপত্তা ও নজরদারি আরও জোরদার করা হয়েছে বলে প্রশাসন সূত্রে খবর। ধৃতদের আদালতে পেশ করে হেফাজতের আবেদন জানাতে পারে তদন্তকারী সংস্থা। গোটা ঘটনায় জাতীয় নিরাপত্তার দিকটিও খতিয়ে দেখা হচ্ছে বলে সূত্রের খবর।

পিংলায় ধৃত দুই যুবক

স্কুলের সামার ক্যাম্প চলাকালীন সুইমিং পুলে পড়ুয়ার মৃত্যু

শুভেন্দু বন্দ্যোপাধ্যায়
আসানসোল। ২৮ মে

আসানসোল শহরের একটি নামী ইংরেজি মাধ্যম স্কুলের সামার ক্যাম্প চলাকালীন সুইমিং পুলে ডুবে বৃহস্পতিবার সকালে ষষ্ঠ শ্রেণির এক ছাত্রের মৃত্যু হয়েছে। মৃত ছাত্রের নাম আদ্রিক হিলিরিয়ান (১১)। সে আসানসোল দক্ষিণ থানার লোয়ার চেলিডাঙার হুচুক পাড়ার বাসিন্দা।

এদিকে এই ঘটনার পরেই স্কুলে যান আসানসোল দক্ষিণ থানার ইন্সপেক্টর ইনচার্জ বিশ্বজিৎ মুখোপাধ্যায় ও আসানসোল দক্ষিণ পিপির ওসি মানব ঘোষ। আসানসোল দুর্গাপুর পুলিশের ডিসিপি (সেন্ট্রাল) ধ্রুব দাস বলেন, 'আসানসোল দক্ষিণ থানার পুলিশ গোটা বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে। কীভাবে স্কুলপড়ুয়ার মৃত্যু হয়েছে, তা ময়নাতদন্তের রিপোর্ট না পেলে বলা যাবে না।'

সূত্রের খবর, সুইমিং পুলের আশপাশে কোনও সিসি ক্যামেরা নেই। সুইমিং পুলটি সাড়ে ৮ ফুট গভীর। এই ঘটনায় পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করেছে।

পুলিশ ও মৃত ছাত্রের পরিবার সূত্রে জানা গিয়েছে, আসানসোলের জিটি রোডের সেন্ট ভিনসেন্ট স্কুলে গ্রীষ্মকালীন ক্যাম্প চলছিল। এদিন সকালে সেই ক্যাম্পের অঙ্গ হিসাবে সুইমিং পুলে প্রশিক্ষণ নিতে যায় ছাত্রটি। আদ্রিক অন্য ছাত্রদের সঙ্গে সুইমিং পুলে সাঁতার কাটার সময় আচমকা জলে ডুবে যেতে শুরু করে। তাকে ডুবে যেতে দেখে শিক্ষক ও কর্মীরা ছুটে আসেন। সকাল পৌনে নটা নাগাদ তাকে অচৈতন্য অবস্থায় উদ্ধার করে আসানসোল জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঘটনার খবর পেয়ে বিজেপি নেতা দুর্গেশ নাগী বলেন, 'যা ঘটেছে তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। নিরপেক্ষ তদন্ত করা দরকার।'

MAHATMA GANDHI UNIVERSITY
Mahishadal, Purba Medinipur-721628, West Bengal
Ref. No.: MGU/R/Advt./05/2026/88 Date: 27.05.2026

RECRUITMENT NOTIFICATION

Walk-in Interview for various posts on a purely contractual basis at Mahatma Gandhi University, Purba Medinipur. Detailed information is available at: https://www.mguwb.org.in/public/news/17799435200_news.pdf

Registrar

GOVERNMENT OF WEST BENGAL
TENDER NOTICE
Following E – tenders have been invited by the concerned TIAs under the Directorate of Fisheries, WB:

Name of Work/Scheme	Establishment	NIT No.
Supply of good quality Singi (H. fossilis) seed and lime	Office of the Assistant Director of Fisheries, Murshidabad & Howrah	WBDOF/ADF/MSD/ eNIT-01/2026-27 & WBDOF/ADF/HOW/ eNIT-01/2026-27
Supply of good quality fingerlings of Indian Major Carps and lime	Office of the Assistant Director of Fisheries, Murshidabad & Howrah	WBDOF/ADF/MSD/ eNIT-02/2026-27 & WBDOF/ADF/HOW/ eNIT-02/2026-27

Bid Submission Start Date: 25.05.2026. Bid Submission End Date: 03.06.2026. Other details may also be seen at https://wbtenders.gov.in Sd/- Director of Fisheries West Bengal. ICA-T8811(2)/2026

GOVERNMENT OF WEST BENGAL
THE DURGAPUR PROJECTS LIMITED
(A Govt. of West Bengal Enterprise)
CIN NO. U40102WB1961SGC025250
NOTICE REGARDING MONTHLY FUEL COST ADJUSTMENT(MFCA)
Notification No. COM/MFCA Notification/61 Date: 17.04.2026
In accordance with West Bengal Electricity Regulatory Commission(Terms and Conditions of Tariff) Regulations, 2011 as amended, Monthly Fuel Cost Adjustment of DPL for March' 2026, works out as follows :
Unit no.: 7 : (-) 69 Paisa/kWh (Minus Sixty Nine P/kWh)
Unit no.: 8 : (-) 71 Paisa/kWh (Minus Seventy One P/kWh)
Recovery of MFCA will accordingly be effected for the month of March'2026 from the purchasers of electricity of DPL under the purview of Hon'ble West Bengal Electricity Regulatory Commission. Annual reconciliation of MFCA will be carried out in accordance with the provisions of the regulations.
GM(COMMERCIAL)
Commercial Deptt.
ICA-N 138(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
KMDA TENDER NOTICE
e-NIT No : 01/KMDA/SD/EE (Plng Divn.) of 2026-27
Online e-Tender in two part system is invited by the Executive Engineer (Civil), Planning Division, SD, Sector, KMDA, 1st floor, Block-B, Unnayan Bhawan, Salt Lake, Kolkata-700091, from bonafide, reliable, experienced &resourceful firms / individuals contractors, for the work, **Sl. No., Name of Work, Estimated Value of the work, Earnest Money Deposit, (1)** Cleaning and removing water hyacinth & floating materials debris & jungle cutting for 6 month at Danesh Khal from Lock gate to Mallick para more under Srerampore Municipality, Hooghly., Rs.4,00,768/-, Rs.8,015/-, **(2)** - Same as Sl. No.1- at Rynal canal from kata pole to 4 no rail gate under Srerampore Municipality Hooghly., Rs.1,79,093/-, Rs.3,582/-, **(3)** - Same as Sl. No.1- at Bager Bagan Nikashi to Delhi Road under Baidyabati Municipality Hooghly., Rs.3,10,878/-, Rs.6,218/-, **(4)** - Same as Sl. No.1- at Nawgar More to Pearepore More both side Boarrow pit under Baidyabati Municipality Hooghly., Rs.6,45,769/-, Rs.12,915/-, **(5)** - Same as Sl. No.1- at Chawk Musanmanpara to Delhi Road chow matha & DVC khal under Baidyabati Municipality Hooghly., Rs.3,11,398/-, Rs.6,228/-, **(6)** - Same as Sl. No.1- from Chalaman samiti to Radhagobindo colony near 4 no. rail gate drain Under Baidyabati Municipal area., Rs.1,03,525/-, Rs.2,071/-, **(7)** - Same as Sl. No.1- of Kumro Khal from Babur Bazar G.T Road (west) to Chanditala ward - 3 under Bhadreswar Municipality, Hooghly., Rs.5,42,435/-, Rs.10,849/-, **(8)** - Same as Sl. No.1- of Pravashnagar Chaklapara drain from opposite to Kesto Mukherjee Sishu Uddan to Mahesh Vidyaniketan in ward-27 Under Serampore Municipal area., Rs.1,06,792/-, Rs.2,136/-, **(9)** - Same as Sl. No.1- from Tribeni Konchati towards South upto Tribeni Level crossing under Bansberia Municipal area., Rs.1,75,177/-, Rs.3,504/-, **(10)** - Same as Sl. No.1- from Tirish Bigha Level Crossing towards North upto Saraswati River under Bansberia Municipal area., Rs.3,99,203/-, Rs.7,984/-, **(11)** - Same as Sl. No.1- from KMDA STP to Purashree rail Culvert Main Ditch under Chandernagore Municipal area., Rs.1,16,104/-, Rs.2,322/-, **(12)** - Same as Sl. No.1- from Surer pukur, Guin Bagan to Surer pukur Kala Bagan under Chandernagore Municipal area., Rs.1,42,726/-, Rs.2,855/-, **(13)** - Same as Sl. No.1- of Rash Bhara Khal from G.T. Road Bandel More to River Ganga under Hooghly Chinsurah Municipal area., Rs.3,45,904/-, Rs.6,918/-, **(14)** - Same as Sl. No.1- at Western side of Satyapirtala IYSH project to Taldanga Priyanagar Gaur under Hooghly-Chinchura Municipality Hooghly., Rs.2,90,072/-, Rs.5,801/-, **(15)** - Same as Sl. No.1- of Khusigoli Khal fromSri Chaitanya Techno school to River Hooghly under Hooghly Chinsurah Municipal area., Rs.1,74,149/-, Rs.3,483/-, **(16)** - Same as Sl. No.1- from Pankhatuli Park to Chandni Ghat under Hooghly Chinsurah Municipal area., Rs.1,39,319/-, Rs.2,786/-, **(17)** - Same as Sl. No.1- from Kailash nagar Sanhati Club to Rash Bhara Khal under Hooghly Chinsurah Municipal area., Rs.1,33,862/-, Rs.2,677/-, **Time of Completion** : 180 Days for each Sl. no., **Last date & time of Online Bid submission:** 10.06.2026 up to 14.00 hrs, for details contact the above office or visit both websites.for details contact the above office or visit both websites. **(KMDA-46)**
www.kmda.wb.gov.in www. wbtenders.gov.in ICA-T8815(2)/2026

GOVERNMENT OF WEST BENGAL
KMDA TENDER NOTICE
e-NIT No: 01/SE(SC)/SD/KMDA of 2026-2027 (2nd Call)
e-Tender is invited by the Superintending Engineer, South Circle, SD Sector, KMDA, Block-G, Ground floor, Unnayan Bhavan, Salt Lake, Kolkata-700091, from eligible and resourceful contactors, for the work, **Sl. No., Name of the Work, Estimated Amount (including GST and LWC), Earnest Money, Time of Completion, (1)** Construction of proposed covered surface drain under storm water drainage system from the Junction of G.T. Road and Nursery Road to Ghunir Khal via Biadyabati STP at Ward No. 22 under Baidyabati Municipality (State Fund)., Rs.5,27,36,411/-, Rs.10,00,000/- (Balance EMD Rs. 54,728.oo to be deposited before issuance of work order), 08 months, **(2)** Construction of storm nikashi drain with RCC tie and beam from Radhagobinda pally Ganashakti more to Mathurapur van stand at ward-12 under Rajpur-Sonarpur Municipality. (State Fund)., Rs.1,83,10,983/-, Rs.3,66,220/-, 08 months, **Bid submission end date:** 25.06.2026 upto 17.00 hrs., for details contact the above office or visit both websites. **(KMDA-41)**
www.kmda.wb.gov.in
www.wbtenders.gov.in ICA-T8812(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
ABRIDGED TENDER NOTICE
WBIW/EE/MED/e-NIT-03/2026-2027
On behalf of the Governor of West Bengal, online tender is invited by the undersigned for 01 (One) no. of work under Metropolitan Electrical Division, I & W Dte., Govt. of West Bengal. Bid Submission End Date: 05.06.2026 at 10:00 AM. Other details will be available from the notice board of office of the undersigned on working days and also from website www.wbiwd.gov.in and https://wbtenders.gov.in
ICA-T8834(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Tenders from bonafide bidders as per GO are invited by the Executive Engineer, PWD, Berhampore Division No.II. **e-N.I.T. No. 03 of 2026-27.** Tender for the work (i) "Construction of single storied office building at the compound of CMOH office, Berhampore, Murshidabad during the year 2024-25." Estimated Amount put to tender Rs. 27,11,253.00; Tender ID : 2026_WBPWD_5014644_1. (ii) "Construction of new Labour Room Complex at ground floor at Lalbagh Sub-Divisional Hospital, Lalbagh under Berhampore Division No.II, PWD." Estimated Amount put to tender Rs. 25,21,787.00; Tender ID : 2026_WBPWD_5014644_2 & (iii) "Construction of the resting shed of the Orthopedic OPD Building in the Lalbagh Sub-Divisional Hospital at Lalbagh in the district of Murshidabad under Berhampore Division No.II, P.W.Dte. During the year 2025-2026." Estimated Amount put to tender Rs. 5,09,053.00; Tender ID : 2026_WBPWD_5014644_4. Details may be obtained from office during working hours and also from http://www.wbpwd.gov.in & http://wbtenders.gov.in Bid submission staring date and time 30.05.2026 from 6:00 P.M. (IST) & Bid submission end date and time 17.06.2026 upto 2:00 P.M. (IST). N.B.- Any corrigendum/and addendum, if issued for this eNIT will be published in Online mode only. Sd/- Executive Engineer, P.W.D. Berhampore Division No.II. ICA-T8855(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING QUOTATION
N I Q No 04 of 2026-2027 E.E., N H Division No- XII
Executive Engineer, N. H. Division No XII, P.W. (Roads) Directorate invites online e-tender for the work of "Consultancy services for preparation of Detailed Project Report for Repair & Rehabilitation of 22 (twenty-two) nos. Bridges and Culverts of NH-14 (Old NH-60), NH-114 (Old NH-2B) & NH-114A under National Highway Division No-XII, P.W. (Roads) Directorate in the district of Birbhum in the State of West Bengal." e NIQ No 04 of 2026-2027 Tender ID : 2026_WBPWD_5014657_1.Bid submission start date (online) : 27.05.2026 at 06:50 P.M. Bid submission closing date (online) : 09.06.2026 up to 2:30 P.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from: http://tenders.wb.gov.in Sd/- EE, NHD-XII, PWRD, GOVT OF W.B. ICA-T8854(2)/2026

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING TENDER
West Bengal Medical Services Corporation Ltd. is inviting electronic bids for the supply and commissioning of Manual Rotary Microtome for the Department of Pathology, RG Kar Medical Collage & Hospital, Kolkata as per details indicated in the table below:
Item (Qty): Manual Rotary Microtome, (01). Bid Ref. No. WBMSCL/NIT-355/2026; dated - 25.05.2026. Remarks: 2nd call of Bid Ref. No. WBMSCL/NIT-150/2026 Date: 13.02.2026. Interested Bidders may see the last date of submission of bid and download the tender document and submit their bids online at the website www.wbtenders.gov.in The tender document may also be downloaded from the websites www.wbhealth.gov.in and www.wbmsc.gov.in Sd/- General Manager, WBMSCL & Additional Secretary, H&FW Dept. ICA-T8821(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
TENDER NOTICE
MSVP, Rampurhat Govt. Medical College & Hospital, Rampurhat, Birbhum, invites 'E-Tender from reputed vendors/firms for Supply of Medicine at Rampurhat Govt. Medical College & Hospital (Vide Memo No. RPHGMC&H/MSVP/1229 Date –26.05.2026) Online Bid Submission End Date : 03/06/2026 For Details, Please visit:- https://wbtenders.gov.in/www.wbhealth.gov.in, http://birbhum.gov.in, www.rampurhatgmch.edu.in ICA-T8824(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING e-TENDER
e-NIT No. 02 (Sl 1 to 4) of 2026-27 of EE/NHD-I, P.W. (Roads) Directorate invites online e-tender for- 1) Tender ID-2026_WBPWD_5014620_1. 2) Tender ID-2026_WBPWD_5014620_2. 3) Tender ID-2026_WBPWD_5014620_3. 4) Tender ID-2026_WBPWD_5014620_4. Bid submission start date (online)– 28/05/2026 from 9:00 A.M. Bid submission closing date (online)- 17/06/2026 upto 1:00 P.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- EE/Nadia Hway Div.-I. ICA-T8841(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Superintending Engineer, Western Electrical Circle, P.W.D. invites online e-Tender for the work of - Annual Maintenance work related with Lighting system installed at Different Residential and non residential buildings of Birbhum Collectorate including Circuit House under Suri Electrical Section-II, Birbhum Electrical Division, PWD, during the period for 365 days, including holidays. eNIQ No. WBPWD/SSEWEC/BRED/NIQ-06/2026-27, Tender ID: 2026_WBPWD_5014593_1. Bid submission start date (online): 05.06.2026 from 15:00 P.M. Bid submission closing date (online): 15.06.2026 upto 11.00 A.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.Q. and Tender documents may be downloaded from : http://wbtenders.gov.in Sd/- Sr. Superintending Engineer, P.W.D., Western Electrical Circle ICA-T8849(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Superintending Engineer, Southern Circle, Social Sector, P.W.Dte. invites 3 (three) nos online e-tender for the work of - **(i)** "Construction of Building - less Primary Health Centre at Andulberia PHC under Beldanga-II Block in the District of Murshidabad." Tender ID: 2026_WBPWD_5014629_1. **(ii)** "Construction of Building - less Primary Health Centre at Putimari PHC under Samserganj Block in the District of Murshidabad." Tender ID: 2026_WBPWD_5014629_2. **(iii)** "Construction of Building - less Primary Health Centre at Garaimari PHC under Domkal Block in the District of Murshidabad." Tender ID: 2026_WBPWD_5014629_3. eNIT No. 02/SESCSSPWD of 2026-27 [2nd Call of NIT10/SESCSSPWD of 2025-26 SL 01, 03 & 04]. Bid Submission Start Date (online): 06.06.2026 at 02.00 P.M. Bid Submission Closing Date (online): 29.06.2026 upto 02.00 P.M. Corrigendum if any will be published in the website only. Details of N.I.T. and Tender Documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- SE, SC, SS, PWDte. ICA-T8850(3)/2026

ACRE MAKING ASSETS WORK
অ্যাসেটস কেয়ার অ্যান্ড রিকনস্ট্রাকশন এন্টারপ্রাইজ লিমিটেড
নিবন্ধিত কার্যালয় ঃ পনেরোতম তলা, এরোস কর্পোরেট টাওয়ার, নেহরু প্লেস, নয়া দিল্লি -১১০০১৯। ফোন ঃ ৯১-১১-৪৩১৫৭৬০০। ফ্যাক্স ঃ ৯১-১১-৪৩১২৫৬১৮
কর্পোরেট কার্যালয় ঃ ইউনিট নং. : ৫০২, সি উইং, ওয়ান বিকেসি, রেডিয়াস ডেভেলপার্স, প্লট নং. ঃ সি-৬৬, জি-ব্লক, বান্দ্রা কুর্লা কমপ্লেক্স, মুম্বাই - ৪০০০৫১। ফোন ঃ ০২২ ৬৮৬৪৩১০১
ই-মেইল ঃ acre.arc@acreindia.in। ওয়েবসাইট ঃ www.acreindia.in। CIN ঃ U65993DL2002PLC115769
পরিশিষ্ট IV-এ ঃ স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ সহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর বিধি ৮(৬)-এর শর্তাবলীর অধীনে স্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণ জনগণ এবং বিশেষত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-কে জানানো যাচ্ছে যে, নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি অ্যাসেটস কেয়ার অ্যান্ড রিকনস্ট্রাকশন এন্টারপ্রাইজ লিমিটেড